দৈনিক ইনকিলাব

JAN. 26 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

## সরকারী শিক্ষক বনাম বেসরকারী শিক্ষক

পৃথিবীতে এমন কোন দেশ নেই যেখানে শিক্ষকদের এমনভাবে চরম অবমূল্যায়ন করা হয় অথচ বাংলাদেশে একমাত্র বেসরকারী শিক্ষকদের বেলায় তা প্রতিনিয়ম ঘটছে। সরকারী শিক্ষকরা যেখানে মূল বেতনের ৪০%-৫০% বাড়ী ভাড়া পাচ্ছেন সেখানে স্কুল-কলেজ ও মাদ্রাসার একজন পিয়ন হতে শুরু করে সর্বোচ্চ প্রিন্সিপাল পর্যন্ত সকলেই বাড়ী ভাড়া পান মাত্র একশ' টাকা। বলা বাহুল্য, শহরের বস্তির এক কামরা বিশিষ্ট একটি ঘরও এই টাকায় মিলবে না। সরকারী শিক্ষকরা যখন দুই ঈদে দু'টি বোনাস পেয়ে আনন্দ-ফূর্তি করেন তখন বেসরকারী শিক্ষকদের আঙ্গুল চোষা ছাড়া আর কোন উপায় থাকে না। সরকারী শিক্ষকরা যেখানে বাৎসরিক ইনক্রিমেন্ট ভোগ করেন তখন বেসরকারী শিক্ষকরা একটি মাত্র ফিক্সড ইনক্রিমেন্ট ভোগ করেন তাও আবার '৯৭ সাল থেকে নতুন স্কেল চালু হলেও পুরাতন স্কেলের ইনক্রিমেন্ট পেয়ে যাচ্ছেন। সরকারী শিক্ষকরা মাসের ১ তারিখে বেতন হাতে পেলেও বেসরকারী শিক্ষকরা সারামাস কান পেতে রাখেন কখন শুনবেন সরকারী বিল ছেড়েছে। আমরা বেসরকারী শিক্ষকরা সরকারী শিক্ষকদের মত সমান সুযোগ-সুবিধা পাব এমন আশাও করি না; কিন্তু আনুপাতিক হারে বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা কি আর একটু বাড়ানো যায় না?

পরিশ্রমের বেলায় সরকারী শিক্ষকরা যেমন শ্রম দেন বেসরকারী শিক্ষকরাও তার চেয়ে কম দেন না। তাহলে সরকারী শিক্ষকরা পুরা মামা নিয়ে তুষ্ট থাকলেও বেসরকারী শিক্ষকরা সেক্ষেত্রে কেন কানা মামা নিয়ে সন্তুষ্ট থাকবেন?

–মোহাম্মদ নজরুল ইসলাম
প্রভাষক বাংলা বিভাগ,
সুফিয়া মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম।